সাহেব আলী পাঠান
অতিরিক্ত পুলিশ সুপার
পুলিশ সুপার (ভারপ্রাপ্ত)
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৫, ময়মনসিংহ।

এবং

আব্দুস্ সালাম, পিপিএম
এ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, হেডকোয়ার্টার্স, উত্তরা, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২০ - ৩০ জুন ২০২১ খ্রিঃ।

সূচিপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা নম্বর
১.	ইন্ডাস্ট্রিয়াল পুলিশের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
২.	উপক্রমণিকা	৫
৩.	সেকশন-১: ইন্ডাস্ট্রিয়াল পুলিশ এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৬
৪.	সেকশন-২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome /Impact)	৮
৫.	সেকশন-৩ঃ ইন্ডাস্ট্রিয়াল পুলিশের কার্যক্রম কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৯
৬.	সংযোজনী-১ঃ শব্দ সংক্ষেপ	১২
৭.	সংযোজনী-২ঃ কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	১৩
৮.	সংযোজনী-৩ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয় বিভাগের উপর নির্ভরশীলতা	১৪

ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৫, ময়মনসিংহ কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

(Overview of the Performance of Industrial Police-5, Mymensingh)

সাম্প্রতিক কালের (৩ বছর) প্রধান অর্জন সমূহ

১. ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৫, ময়মনসিংহ এর আওতাধীন এলাকায় অবস্থিত গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানে নিরাপত্তা বিধান এবং আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে সর্বোচ্চ পেশাদারিত্বের সাথে কাজ করে আসছে।

২. শ্রমিক, মালিক ও বিদেশী নাগরিকদের নিরাপত্তা, তাদের মধ্যে আস্থা ফিরিয়ে আনা ইন্ডাস্ট্রিয়াল পুলিশের এক বিরাট অর্জন।

৩. ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৫, ময়মনসিংহের আওতাধীন কারখানায় কোথাও কোন বিশৃঙ্খলা সৃষ্টি হলে তাৎক্ষণিক ভাবে তা মোকাবেলা করা হচ্ছে। এটা ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৫, ময়মনসিংহহের একটি উল্লেখযোগ্য অর্জন।

৪. গার্মেন্টস/শিল্প কারখানায় বেতন নিয়ে কোন সমস্যা দেখা দিলে অন্যান্য ইউনিটের ন্যায় অত্র ইউনিটের কর্মকর্তাগণ শিল্প মালিক, শ্রমিক নেতৃবৃন্দ, বিজিএমইএ, বিটিএমএ ও কল কারখানা প্রতিষ্ঠান ও পরিদর্শন অধিদপ্তর সহ শিল্প সংশ্লিষ্ট সংস্থার কর্তৃপক্ষের সমন্বয়ে যে কোন সমস্যা দ্রুত সমাধান করে থাকেন।

৫. অত্র এলাকার শিল্প কারখানা সমূহে ছুটির দিনগুলোতে ইন্ডাস্ট্রিয়াল পুলিশ সার্বক্ষণিক নিরাপত্তা ডিউটি প্রদানের ফলে গার্মেন্টস/শিল্প কারখানা সমূহে চুরি, ডাকাতি বা অন্য কোন ক্ষতির হাত থেকে রক্ষিত থাকছে।

৬. শিল্পক্ষেত্রে নিরাপত্তা বিধান, কর্মসংস্থান ও সুষ্ঠ পরিবেশ সৃষ্টিতে নতুন নতুন শিল্প কারখানা গড়ে উঠে। ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৫, ময়মনসিংহের বিভিন্ন প্রকার ভূমিকার ফলে বিভিন্ন দেশের শিল্প উদ্যোক্তাগণ অত্র এলাকায় বিনিয়োগে উৎসাহিত হচ্ছে।

৭. শিল্প কারখানার মালিক, শ্রমিক ও বিদেশী উদ্যোক্তাদের নিরাপত্তা বিধানে ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৫, ময়মনসিংহের ভূমিকা আজ প্রশংসনীয়।

৮. ঈদ, পূজা প্রভৃতি ধর্মীয় অনুষ্ঠান, রাষ্ট্রীয় অনুষ্ঠান, জাতীয় নির্বাচন এবং উপজেলা নির্বাচনে ইন্ডাস্ট্রিয়াল পুলিশ নিরাপত্তা ডিউটি করে থাকে।

৯. শিল্প এলাকায় সৃষ্ট বিভিন্ন অপরাধের জন্য থানায় মামলা রুজু হলে সাম্প্রতিক ইন্ডাস্ট্রিয়াল পুলিশ বিধিমালা অনুমোদন হওয়ায় স্বয়ংসম্পূর্ণ তদন্তভার গ্রহণ ও বিধি মোতাবেক মামলা করা হচ্ছে। এ পর্যন্ত ০৫ (পাঁচ) টি মামলার তদন্ত পূর্বক নিষ্পত্তি করা হয়েছে।

১০. অত্র ইউনিটের আওতাধীন রপ্তানিমূখী ও সকল শিল্প প্রতিষ্ঠান, বিজিএমইএ, বিটিএমইএ কর্তৃক পরিচালিত গার্মেন্টস ফ্যাক্টরী সমূহ, সকল বিদেশী ইনভেষ্টর ও বাসা-বাড়ি, উৎপাদনমূখী সকল ফ্যাক্টরির শ্রমিকদের নিরাপত্তা বিধান করার মাধ্যমে অপরাধ নিয়ন্ত্রণ করা অত্র ইউনিটের অন্যতম দায়িত্ব।

১১. ইউনিটের সকল পুলিশ সদস্যদের শিল্প কারখানা সংশ্লিষ্ট সকল অপরাধ সম্পর্কে সচেতন করার পাশাপাশি শ্রম আইন, শিল্প আইন এবং নারী শ্রমিকদের সাথে আচরন সম্পর্কিত ট্রেনিং এবং মোটিভেশনের পরিকল্পনা প্রস্তুত করে সে অনুযায়ী কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

১২. ইন্ডাস্ট্রি সমূহের অপরাধ নিয়ন্ত্রণ এবং অপরাধী সনাক্ত করা, বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের চিহ্নিত করণ, ট্রেড ইউনিয়নের কার্যক্রম পর্যবেক্ষন ও অগ্রিম তথ্য সংগ্রহ এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করার জন্য অত্র ইউনিট হতে পর্যাপ্ত গোয়েন্দা নজরদারীর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

১৩. ইন্ডাস্ট্রি সমূহে প্রায় সকলেই চাকরিজীবি এবং অস্থায়ী হলেও ফ্যাক্টরির প্রশাসন এবং প্রতিটি ফ্লোর হতে শ্রমিক প্রতিনিধিকে সম্পৃক্ত করে ইন্ডাস্ট্রিয়াল পুলিশের মাধ্যমে ফ্যাক্টরি সমূহে কমিউনিটি পুলিশ গঠন করা হয়েছে।

১৪. অত্র ইউনিটের সকল দালিলিক কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে করা হয় । এছাড়া সিসি টিভি, ক্যামেরা ও অনলাইন সংযোগ চালু রয়েছে। পিআইএমএস এর কার্যক্রম চলছে।

১৫. প্রতিটি বড় বড় ইন্ডাস্ট্রিতে সার্বক্ষনিক ইন্ডাস্ট্রিয়াল পুলিশ মোতায়েন করা হয়। শিল্প-এলাকায় মোবাইল টিম সার্বক্ষনিক নিয়জিত রাখা হয়। এছাড়াও শিল্পাঞ্চলের সুবিধাজনক স্থানে স্ট্যান্ডবাই টিম প্রস্তুত রাখা হয়।

সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ

১. নতুন মজুরী কাঠামো অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতা বাস্তবায়ন।

২. শ্রমিক ও মালিক এবং মিডলেভেল ম্যানেজমেন্ট এর মধ্যে সমন্বয়হীনতার অভাব।

৩. প্রশিক্ষিত জনবলের অভাব।

৪. ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়নে প্রশিক্ষিত জনবলের অভাব।

৫. অত্যাধুনিক সরঞ্জাম ও লজিস্টিকের অপর্যাপ্ততা।

৬. বিদেশী এনজিও ও শ্রমিক সংগঠনের অপতৎপরতা।

৭. শ্রম আইন ও অন্যান্য আইনগত বিষয়ে শ্রমিকদের মাঝে সচেতনতার অভাব।

৮. শিশু শ্রম বন্ধ এবং নারী শ্রমিকদের নিরাপত্তা সংক্রান্ত সমস্যা।

৯. অপ্রতুল অবকাঠামো।

১০. শিল্প সেক্টরে স্থিতীশীল কর্মপরিবেশ নিশ্চিত করা'সহ বিদেশী বিনিয়োগকারীদের উৎসাহিত করা।

ভবিষ্যৎ পরিকল্পনা

১.	শিল্পাঞ্চলে নিরাপত্তা নিশ্চিত করন, মালিক এবং শ্রমিকদের মধ্যে আইনের শাসন প্রতিষ্ঠার মাধ্যমে নিরাপদ কমপারবেশ তোর, শিল্পাঞ্চলে শ্রম অসন্তোষ রোধকল্পে নিরাপদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও অপরাধীদের আইনের আওতায় আনা।
২.	ইন্ডাস্ট্রিয়াল পুলিশে কর্মরত সদস্যদের প্রয়োজনীয় প্রশিক্ষণ, তথ্য ও প্রযুক্তির যথাযথ ব্যবহারের মাধ্যমে মামলার মূল রহস্য উদঘাটন,জনগনকে সচেতন করার মাধ্যমে মাদক নির্মূল এবং শিল্পাঞ্চলে শ্রম বান্ধব কর্মপরিবেশ তৈরি করা।
৩.	শিল্প কারখানায় কর্মরত বা বাইরের কোন ব্যক্তি বা সংগঠন কর্তৃক শিল্প-নীতি বহির্ভূত কোন কর্মকান্ডে লিপ্ত পাওয়া গেলে তাদের বিরুদ্ধে মামলা রুজু ও তদন্ত পূর্বক দৃষ্কৃতিকারীদের বিচারের সম্মুখীন করা।
৪.	কোন শ্রমিককে বিনা কারণে কারখানা হতে বহিষ্কার করলে তার প্রাপ্যতা পরিশোধের জন্য আইনগত সহায়তা প্রদান।
৫.	নিয়ন্ত্রনাধীন এলাকায় ইন্ডাস্ট্রিয়াল পুলিশ কর্তৃক টহল ডিউটি, সন্দেহজনক ব্যক্তিকে জিজ্ঞেসাবাদ, গ্রেফতার, তদন্ত ও মামলা রুজুর ব্যাপারে নিজস্ব ভূমিকা পালন করা।
৬.	বিদেশী নাগরিক/বিনিয়োগকারী/চাকরিরতদের সম্পর্কে নিয়মিত খোঁজখবর এবং তাদের সম্পর্কে তথ্য সংগ্রহ এবং তাদের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা।
৭.	ইন্ডাস্ট্রিয়াল কমিউনিটি পুলিশিং এর মাধ্যমে জনসাধারণের সহায়তার দ্বার উন্মোচন করা।
৮.	শ্রমিক, মালিক বিদেশীসহ শিল্প সংক্রান্ত সকল সংবাদ ডাটা বেইজ এ সংরক্ষণ করা।
৯.	অফিস ব্যবস্থাপনা ও কম্পিউটার প্রশিক্ষণ প্রোগ্রাম চালু করা
১০.	অত্র ইউনিটে সুশাসন, ন্যায়বিচার, নৈতিকতা এবং জেন্ডার সংবেদনশীল পাঠ্যক্রম কার্যক্রম চালু চালু করা।
১১.	ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষে প্রতিটি ইউনিটে আইটি জ্ঞান সম্পন্ন (সিষ্টেম এনালিষ্ট, প্রোগ্রামার,অপারেটর) জনবল নিয়োগ এবং প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ করনের উদ্যোগ নেয়া।
১২.	অত্র ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৫, ময়মনসিংহর নতুন পুলিশ লাইন্স স্থাপনের জন্য ভালুকা উপজেলাধীন ভরাডোবা মৌজায় ১০.৬৮ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে। উক্ত ভূমিতে পুলিশ লাইন্স স্থাপনের জন্য নির্মান কাজ প্রক্রিয়াধীন। উক্ত পুলিশ লাইন্সকে অত্যাধনিক পুলিশ লাইন্স হিসেবে গড়ে তোলা।
১৩.	হিউম্যান রিসোর্চ ইউনিট চালু প্রক্রিয়াধীন রয়েছে।

২০২০-২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ

১.	শিল্পাঞ্চল সমূহের শ্রমিক অসন্তোষ কমানো।
২.	শিল্পাঞ্চলে শ্রমিকদের সঠিক সময়ে বেতন ভাতাদি নিশ্চিতকরণ।
৩.	শিল্পাঞ্চল সমূহের শ্রমিক ইউনিয়ন ও এনজিও সমূহের অপতৎপরতা সম্পর্কে আগাম তথ্য সংগ্রহ এবং নজরদারী।
৪.	শিল্পাঞ্চল সমূহে কমিউনিটি পুলিশিং কার্যক্রম জোরদার করা।
৫.	ইন্ডাস্ট্রি সমূহে প্রায় সকলেই চাকরিজীবি এবং অস্থায়ী হলেও ফ্যাক্টরির প্রশাসন এবং প্রতিটি ফ্লোর হতে শ্রমিক প্রতিনিধিকে সম্পৃক্ত করে ইন্ডাস্ট্রিয়াল পুলিশের মাধ্যমে ফ্যাক্টরি সমূহে কমিউনিটি পুলিশ গঠন করা হয়েছে।
৬.	শিল্পাঞ্চলে সকল উৎপাদনমুখী পরিবেশ নিশ্চিতকরণ।
৭.	শিল্পাঞ্চালে সকল ক্ষেত্রে গোয়েন্দা নজরদারী বৃদ্ধি।
৮.	শিল্পাঞ্চলের সকল প্রকার নিরাপত্তা নিশ্চিতকরণ।
৯.	টহল ডিউটি জোরদার করা এবং নাইট টহল ডিউটি বৃদ্ধি করে শিল্পাঞ্চলে নিরাপত্তা বৃদ্ধি করা।
১০.	বিদেশী নাগরিক/বিনিয়োগকারী/চাকরিরতদের সম্পর্কে নিয়মিত খোঁজখবর এবং তাদের সম্পর্কে তথ্য সংগ্রহ এবং তাদের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা।
১১.	শ্রমিক, মালিক বিদেশীসহ শিল্প সংক্রান্ত সকল সংবাদ ডাটা বেইজ এ সংরক্ষণ করা।
১২.	নিয়ন্ত্রনাধীন এলাকায় ইন্ডাস্ট্রিয়াল পুলিশ কর্তৃক টহল ডিউটি, সন্দেহজনক ব্যক্তিকে জিজ্ঞেসাবাদ, গ্রেফতার, তদন্ত ও মামলা রুজুর ব্যাপারে নিজস্ব ভূমিকা পালন করা।
১৩.	কোন শ্রমিককে বিনা কারণে কারখানা হতে বহিষ্কার করলে তার প্রাপ্যতা পরিশোধের জন্য আইনগত সহায়তা প্রদান।
১৪.	ইউনিটের সকল পুলিশ সদস্যদের শিল্প কারখানা সংশ্লিষ্ট সকল অপরাধ সম্পর্কে সচেতন করার পাশাপাশি শ্রম আইন, শিল্প আইন এবং নারী শ্রমিকদের সাথে আচরন সম্পর্কিত ট্রেনিং এবং মোটিভেশনের পরিকল্পনা প্রস্তত করে সে অনুযায়ী কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।
১৫.	প্রতিটি বড় বড় ইন্ডাস্ট্রিতে সার্বক্ষনিক ইন্ডাস্ট্রিয়াল পুলিশ মোতায়েন করা হয়। শিল্প-এলাকায় মোবাইল টিম সার্বক্ষনিক নিয়জিত রাখা হয়। এছাড়াও শিল্পাঞ্চলের সুবিধাজনক স্থানে স্ট্যান্ডবাই টিম প্রস্তত রাখা হয়।
১৬.	ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৫, ময়মনসিংহ ইউনিটের অবকাঠামো উন্নয়ন, ফোর্সদের কল্যাণ ও যথাযথ কর্মপরিশে তৈরি করা।

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থা সমূহের প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহারনিশ্চত করণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে।

অতিরিক্ত পুলিশ সুপার, পুলিশ সুপার (ভারপ্রাপ্ত) ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৫, ময়মনসিংহ

এবং

এ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ

বাংলাদেশ পুলিশ এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ১৯ তারিখে তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হ'ল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

সেকশনঃ-১

ইন্ডাস্ট্রিয়াল পুলিশ এর রূপকল্প (Vision), অভিলক্ষ, (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যবলী (Functions):

১.১ রূপকল্প (Vision)
শৃঙ্খলা - নিরপত্তায় শ্রমবান্ধব পুলিশিং।

১.২ অভিলক্ষ (Mission)
প্রযুক্তিনির্ভর ও শ্রমবান্ধব পুলিশিং এর মাধ্যমে শিল্পাঞ্চলে বিনিয়োগ বান্ধব কর্মপরিবেশ বজায় রাখা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) ইন্ডাস্ট্রিয়াল পুলিশের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. শিল্পাঞ্চলে নিয়মিত টহল, ফুট পেট্রোল ও স্থায়ী ডিউটির মাধ্যমে শ্রমিক/বিনিয়োগকারী/বিদেশীদের নিরাপত্তা দেয়া।
২. অগ্রিম তথ্য সংগ্রহের জন্য শিল্পাঞ্চলগুলোতে সাদা পোশাকে ওয়াচার ও অফিসারদের নজরদারী করা।
৩. শিল্পঞ্চালে মাদক ও জঙ্গীবাদ যাতে স্থান করে নিতে না পারে তার জন্য নিয়মিত কাউন্সেলিং এর ব্যবস্থা করা।
৪. কমিউনিটি পুলিশিং এর মাধ্যমে মালিক ও মালিক ও শ্রমিক উভয় পক্ষের সাথে নিয়ে নিরাপদ কর্মপরিবেশ তৈরিতে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা।
৫. শিল্প কারখানা ও শ্রমিকদের তথ্য সংগ্রহ ব্যবস্থাপনা।
৬. শিল্পাঞ্চলের আইন-শৃঙ্খলা রক্ষা করার স্বার্থে শিল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে সম্পৃক্ত করে (Community Engagement) শিল্পঞ্চালে মালিক ও শ্রমিক বান্ধব পরিবেশ সৃষ্টি করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ।
৭. গোয়েন্দা তথ্য বিশ্লেষণ পূর্বক সম্ভব্য শ্রমিক অসন্তোষ নিরসনে নিয়মিতভাবে ইন্ডাস্ট্রিয়াল পুলিশ বিজিএমইএ, বিটিএমএ, কারখানা মালিকপক্ষ ও শ্রমিক ফেডারেশন নেতৃবৃন্দের সাথে সমন্বয় সভায় অংশগ্রহণ।
৮. শিল্প সেক্টরে বিনিয়োগকারীদের নতুন নতুন বিনিয়োগে আস্থার পরিবেশ তৈরী করা।
৯. নবগঠিত ইকোনমিক জোন সমূহে নিরাপদ কর্মপরিবেশ ও বিনিয়োগ নিশ্চিত করা।
১০. প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধি'সহ শিল্প সেক্টরের মামলা সমূহের যথাযথ তদন্ত নিশ্চিত করা।
১১. শিল্প-কলকারখানা ও শ্রমিকদের তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা।
১২. শিল্প সেক্টরে বিনিয়োগকারীদের নতুন নতুন বিনিয়োগে আস্থার পরিবেশ তৈরী করন।
১৩. শিল্পাঞ্চলের আইন শৃঙ্খলা ও উন্নয়নের সাথে জড়িত অন্যান্য সংস্থার সাথে সু-সমন্বয় বজায় রেখে শিল্প খাতের সার্বিক উন্নয়ন নিশ্চিতে সরকারকে সহায়তাকরণ।
১৪. শ্রমিক অসন্তোষের নামে কোন স্বার্থান্বেষী মহল বা গোষ্ঠী কর্তৃক দেশের শিল্পায়ন ব্যহত না হতে পারে সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন ও এ বিষয়ে নজরদারী জোরদার করণ।

১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১। দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ।
২। কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি।
৩। আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions):

১. প্রো-এ্যাকটিভ কার্যক্রম শিল্পাঞ্চলে আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও স্থিতিশীলতা।

২. শিল্পাঞ্চলে জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে মাদক নির্মূলে পদক্ষেপ গ্রহণ।

৩. শ্রমিক অসন্তোষ নিরসনে নিয়মিত টহল ডিউটি/পিকেট ডিউটি'সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

৪. জঙ্গীবাদ দমনে সামাজিক সচেতনতা বৃদ্ধিকরণ।

৫. আইন-শৃংখলা নিয়ন্ত্রণে অন্যান্য সংস্থার সাথে সমন্বয় সাধন।

৬. কমিউনিটি পুলিশিং কার্যক্রম জন সংযোগের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা ।

৭. ইন্টেলিজেন্স তৎপরতা বৃদ্ধি, বিনিয়োগকারীদের নিরাপত্তা।

৮. তথ্যপ্রযুক্তি ভিত্তিক পুলিশ সার্ভিস গড়ে তোলার লক্ষ্যে সকল স্তরে ডিজিটালাইজেশন।

৯. দুর্ঘটনায় দ্রুত সাড়া প্রদান ও প্রাকৃতিক ও মানবিক বিপর্যয়ে বিপর্যস্ত মানুষের পাশে দাড়ানো।

১০. শিল্পাঞ্চলে শিল্প সংক্রান্ত মামলা, অভিযোগ ও অনুসন্ধানের যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ।

১১. বিভিন্ন মানি স্কট, শ্রমিকদের বেতন স্কট এ নিরাপত্তা প্রদান।

১২. ইউনিটের অভ্যান্তরীন লজিস্টিক ব্যবস্থাপনা নিশ্চিত করন।

১৩. ইন্ডাস্ট্রিয়াল পুলিশের কর্মরতদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।

১৪. সর্বক্ষেত্রে প্রযুক্তিগত জ্ঞান'সহ ডিটালাইজেশনের যথাযথ প্রয়োগ করা।

১৫. ইউনিটের অভ্যন্তরীণ লজিস্টিক ব্যবস্থাপনা নিশ্চিত করণ।

১৬. জন-শৃংখলা, ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা ও ভিভিআইপি/ভিআইপিগণের নিরাপত্তা।

১৭. সর্বক্ষেত্রে প্রযুক্তিগত জ্ঞান'সহ ডিজিটালাইজেশন এর যথাযথ প্রয়োগ করণ।

সেকশন-২

দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (Unite)	প্রকৃত অর্জন		লক্ষমাত্রা ২০২০-২১	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Sorce of Data)
			২০১৮-১৯	২০১৯-২০		২০২১-২২	২০২২-২৩		
১.	২.	৩.	৪.	৫.	৬.	৭.	৮.	৯.	১০.
শিল্পাঞ্চলের সার্বিক নিরাপত্তা	টহল ডিউটি বৃদ্ধির সংখ্যা	কর্মঘণ্টা	২৮৯০৬৫	২২০০৮২	২২০০৯০	২২০০৯৩	২২০০৯৫	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়	ইন্ডাস্ট্রিয়াল পুলিশের বার্ষিক প্রতিবেদন
শিল্পকারখানা ও শ্রমিকদের তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা এবং শ্রম অসন্তোষ রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ	এলাকা ভিত্তিক শিল্প কারখানার সংখ্যা ও শ্রমিক সংখ্যার ডাটাবেজ তৈরী	সংখ্যা	৫৯	৮০৫	৮১২	৮১৫	৮১৮	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, শ্রম মন্ত্রণালয়	ইন্ডাস্ট্রিয়াল পুলিশের বার্ষিক প্রতিবেদন
শ্রমিক ও মালিকের সমন্বয়ে কমিউনিটি এনগেজমেন্ট এর মাধ্যমে নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি	কমিউনিটি পুলিশিং সভার সংখ্যা	সংখ্যা	৪৯	৯০	৯৮	১০০	১০৩	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, শ্রম মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পাট ও বস্ত্র মন্ত্রণালয়	ইন্ডাস্ট্রিয়াল পুলিশের বার্ষিক প্রতিবেদন

সেকশন-৩
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ এর কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objective)	কার্যক্রম (Activites)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	গণনা পদ্ধতি (Calculation method)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target/Criteria Value for FY 2020-21)					প্রক্ষেপণ (projection) ২০২১-২২	প্রক্ষেপণ (projection) ২০২২-২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতিমান	চলতিমানের নিম্নে		
							২০১৮-১৯	২০১৯-২০	১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ															
শিল্পাঞ্চলের সার্বিক নিরাপত্তা	২০	টহল ডিউটি বৃদ্ধিকরণ	টহল ডিউটি বৃদ্ধির সংখ্যা	সমষ্টি	কর্মঘণ্টা	৫	২৮৯০৬৫	২২০০৮২	২২০০৯০	২২০০৮৭	২২০০৮৫	২২০০৮২	২২০০৭৯	২২০০৯৩	২২০০৯৫
		আর্থিক বিষয়ে নিরাপত্তা প্রদান	মানি স্কট ডিউটি	গড়	%	৫	১০০%	১০০%	১০০%	৯৫%	৯০%	১০০%	৮০%	১০০%	১০০%
		সাদা পোশাকে নজরদারী	নজরদারী ডিউটি	সমষ্টি	কর্মঘণ্টা	৫	৮৫২১৬	৬০১২০	৬০১২৮	৬০১২৬	৬০১২৩	৬০১২০	৬০১১৭	৬০১৩১	৬০১৩৩
		কারখানার নিরাপত্তা বিধানে সচেতনা বৃদ্ধি	সচেতনামূলক সভা, সেমিনার, লিফলেট বিতরণ	সমষ্টি	সংখ্যা	২	১০৫	২২০	২২৮	২২৬	২২৩	২২০	২১৭	২৩০	২৩২
		স্ট্যাটিক ডিউটি	লিফলেট বিতরণ	সমষ্টি	সংখ্যা	৩	৬৪৭	৪৫০	৪৫৮	৪৫৫	৪৫২	৪৫০	৪৪৭	৪৬০	৪৬৩
অপরাধ ব্যবস্থাপনা	১০	অপরাধী সনাক্তকরণ	বি-রোল ইস্যু	সমষ্টি	সংখ্যা	৬	৯৭	২০০	২০৮	২০৫	২০২	২০০	১৯৭	২১০	২১২
		অপরাধের তথ্য গ্রহণ	অপরাধের তথ্য প্রদানকারীর বক্তব্য শ্রবণ	গড়	%	২	১০০%	১০০%	১০০%	৯৫%	৯০%	১০০%	৮০%	১০০%	১০০%
		অপরাধ সংক্রান্ত তথ্য অনুসন্ধান	অপরাধ সংক্রান্ত তথ্য প্রাপ্তির পর অনুসন্ধান	গড়	%	২	১০০%	১০০%	১০০%	৯৫%	৯০%	১০০%	৮০%	১০০%	১০০%
গোয়েন্দা কর্মকান্ড	২০	এনজিও সমূহের উপর নজরদারী	গোয়েন্দা রিপোর্ট প্রদান	সমষ্টি	সংখ্যা	৫	৫২	২৫০	২৫৮	২৫৫	২৫২	২৫০	২৪৭	২৬০	২৬৩
		শ্রমিক সংগঠন সমূহের উপর নজরদারী	গোয়েন্দা রিপোর্ট প্রদান	সমষ্টি	সংখ্যা	১০	২৮৬	২৮৬	২৯৩	২৯১	২৮৮	২৮৬	২৮৩	২৯৬	২৯৮
		কারখানার বিষয়ক নজরদারী	গোয়েন্দা রিপোর্ট প্রদান	সমষ্টি	সংখ্যা	৫	৫৮৯	৭৩০	৭৩৮	৭৩৫	৭৩২	৭৩০	৭২৭	৭৪১	৭৪৩
শিল্পকারখানা ও শ্রমিকদের তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা এবং শ্রম অসন্তোষ রোধে প্রয়োজীয় ব্যবস্থা গ্রহণ।	৫	শিল্পকারখানার ডাটা সংগ্রহ ও সমৃদ্ধ তথ্য ভান্ডার তৈরী	এলাকা ভিত্তিক শিল্প কারখানার সংখ্যা ও শ্রমিকের ডাটাবেজ তৈরী	সমষ্টি	সংখ্যা	২	৬৫৯	৮০৫	৮১২	৮১০	৮০৮	৮০৫	৮০২	৮১৫	৮১৮
		শ্রমিক মালিকের মানসিক অবস্থার উন্নয়ন	কাউন্সেলিং	সমষ্টি	সংখ্যা	৩	৪৩	১৯০	১৯৮	১৯৬	১৯৩	১৯০	১৮৭	২০১	২০৩
ফোর্সের কর্মদক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ আয়োজন	৫	ট্রেনিংয়ের ব্যবস্থা করা	মাষ্টার প্যারেড ও কীট প্যারেড	গড়	%	১	৭০%	১০০%	১০০%	৯৫%	৯০%	১০০%	৮০%	১০০%	১০০%
			রেগুলার প্যারেড ও পিটি	সমষ্টি	কর্মঘণ্টা	২	১৭২৩	৪৮০	৪৮৭	৪৮৫	৪৮২	৪৮০	৪৭৭	৪৯০	৪৯২
			অস্ত্র প্রশিক্ষণ	সমষ্টি	কর্মঘণ্টা	২	৪৪৮	৪৪৮	৪৫৬	৪৫৩	৪৫১	৪৪৮	৪৪৫	৪৫৯	৪৬১
শ্রমিক ও মালিকের সমন্বয়ে কমিউনিটি এনগেজমেন্ট এর মাধ্যমে নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি	১৫	নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টিতে সচেতনতামূলক ব্যবস্থা	গণশুনানী (ওপেন হাউজ ডে)	সমষ্টি	সংখ্যা	২	-	৫২	৬০	৫৬	৫৪	৫২	৫০	৬০	৬০
			মাদক বিরোধী সভা	সমষ্টি	সংখ্যা	২	-	৫২	৬০	৫৬	৫৪	৫২	৫০	৬০	৬০
			জঙ্গী বিরোধী সভা	সমষ্টি	সংখ্যা	২	-	৫২	৬০	৫৬	৫৪	৫২	৫০	৬০	৬০
		কমিউনিটি পুলিশিং কমিটি গঠন	গঠিত কমিউনিটি পুলিশিং কমিটির সংখ্যা	সমষ্টি	সংখ্যা	২	৭৪	৭০	৭৭	৭৪	৭২	৭০	৬৬	৮০	৮৩
		নিয়মিত কমিউনিটি পুলিশিং সভার মাধ্যমে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ	কমিউনিটি পুলিশিং সভার সংখ্যা	সমষ্টি	সংখ্যা	২	৪৯	৯০	৯৮	৯৫	৯৩	৯০	৮৭	১০০	১০৩
		সংশ্লিষ্ট পক্ষগুলোর মধ্যে বিরাজমান বিবাদ কমিউনিটি পুলিশিং সভার মাধ্যমে নিষ্পত্তিকরণ	বিরোধ নিষ্পত্তি	সমষ্টি	সংখ্যা	৩	৮০	৭৫	৮৩	৮০	৭৮	৭৫	৭২	৮৫	৮৭
		সেবা প্রদান সংক্রান্ত	ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে আগত সাহায্য প্রার্থীর আবেদনের প্রেক্ষিতে গৃহিত ব্যবস্থা	গড়	%	১	১০০%	১০০%	১০০%	৯৫%	৯০%	১০০%	৮০%	১০০%	১০০%
			হেল্প ডেস্কে আগত সাহার্য প্রার্থীর চাহিদা অনুযায়ী গৃহিত ব্যবস্থা	গড়	%	১	--	৮৫%	১০০%	৯৫%	৯০%	৮৫%	৮০%	১০০%	১০০%

মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২১

(মোট নম্বর-২৫)

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষমাত্রা ২০২০-২১				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
[১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ	১১	[১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন।	[১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	সংখ্যা	২	৪	-	-	-	-
			[১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত	সংখ্যা	১	১২	১১	-	-	-
		[১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয় অংশীজনদের সঙ্গে মতবিনিময়	[১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ	[১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহিতাদের অবহিতকরণ	[১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	সংখ্যা	২	৪	৩	-	-	-
[২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি	৮	[২.১] ই-নথি বাস্তবায়ন	[২.১.১] ই নথিতে নোট নিষ্পত্তিকৃত	%	২	৮০	৭০	৬০	৫০	-
		[২.২] উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন	[২.২.১] নুণ্যতম একটি উদ্ভাবনি/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত	তারিখ	২	১৫-২-২১	১৫-৩-২১	১৫-৪-২১	১৫-৫-২১	-
		[২.৩] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ প্রদান	[২.৩.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত	জনঘণ্টা	২	৪০	৩০	২০	১০	-
			[২.৩.২] ১০ম গ্রেড ও তদূর্ধ প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ	জনঘণ্টা	১	৫	৪	-	-	-
		[২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান	[২.৪.১] নুন্যতম একটি আওতাধীন দপ্তর/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত	সংখ্যা	১	১	-	-	-	-
[৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৬	[৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ণ	[৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত	%	১	১০০	৯০	৮০	-	-
		[৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন	[৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়িত	%	২	১০০	৯০	৮০	-	-
		[৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	২	৫০	৪০	৩০	২৫	-
		[৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্দ্ধতন অফিসে প্রেরণ	[৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্দ্ধতন অফিসে প্রেরিত	তারিখ	১	১৫-১২-২০	১৪-০১-২১	১৫-২-২১	-	-

আমি সাহেব আলী পাঠান, অতিরিক্ত পুলিশ সুপার, পুলিশ সুপার (ভারপ্রাপ্ত) ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৫, ময়মনসিংহ , গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, উত্তরা , ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি জনাব আব্দুস সালাম, পিপিএম, এ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, উত্তরা ঢাকা, পুলিশ সুপার ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৫, ময়মনসিংহ এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

27/07/2020

-- তারিখ ----------------------------------

সাহেব আলী পাঠান
অতিরিক্ত পুলিশ সুপার
পুলিশ সুপার (ভারপ্রাপ্ত)
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৫, ময়মনসিংহ।

-- তারিখ ২১.০৭.২০২০খ্রি.

(আব্দুস সালাম, পিপিএম)
এ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ,
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, উত্তরা ঢাকা

সংযোজনী- ১

শব্দসংক্ষেপ (Acronyms)

আইপি	ইন্ডাস্ট্রিয়াল পুলিশ
বিজিএমইএ	বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাক্চারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন
বিকেএমইএ	বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাক্চারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন
বিটিএমএ	বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন
বেপজা	বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোন অথরিটি
বেজা	বাংলাদেশ এক্সপোর্ট জোন অথরিটি
বিজেএমসি	বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশন
বিটিএমসি	বাংলাদেশ টেক্সটাইল মিলস্ কর্পোরেশন
বিআইডিএ	বাংলাদেশ ইনভেস্টমেন্ট ডেভেলপমেন্ট অথরিটি

সংযোজনী-২
কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

	ক্রমিক নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তবায়নকারী ইউনিট	পরিমাপ পদ্ধতি ও উপাত্ত সূত্র	সাধারণ মন্তব্য
	০১	শিল্পাঞ্চলের সার্বিক নিরাপত্তা	টহল ডিউটি/পিকেট	টহল ডিউটি বৃদ্ধি ও নিশ্চিতকরণ	সকল ইউনিট	কর্মঘণ্টা	
	০২	শিল্পাঞ্চলের স্থিতিশীলতা	সাদা-পোশাকে নজরদারী	গোয়েন্দা কার্যক্রম জোরদার	সকল ইউনিট	কর্মঘণ্টা	
	০৩	অপরাধ ব্যবস্থাপনা	অপরাধী সনাক্তকরণ	বি-রোল ইস্যু	সকল ইউনিট	সংখ্যা	
	০৪	গোয়েন্দা কার্যক্রম	এনজিও/শ্রমিক সংগঠন সমূহের উপর নজরদারী	গোয়েন্দা রিপোর্ট প্রদান	সকল ইউনিট	সংখ্যা	
০৫	শিল্পকারখানা ও শ্রমিকদের তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা	শিল্পকারখানার ডাটা সংগ্রহ ও সমৃদ্ধ তথ্য ভান্ডার তৈরী	শিল্প কারখানার সংখ্যা ও শ্রমিক সংখ্যার ডাটাবেজ তৈরী	সকল ইউনিট	সংখ্যা		
০৬	ফোর্সের কর্মদক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষন আয়োজন	ট্রেনিংয়ের ব্যবস্থা করা	বেসিক ট্রেনিং/প্যারেড/পিটি	সকল ইউনিট	কর্মঘণ্টা		
০৭	শ্রমিক ও মালিকের সমন্বয়ে কমিউনিটি এনগেজমেন্ট	কমিউনিটি পুলিশিং কমিটি গঠন	কমিউনিটি পুলিশিং কমিটির আওতায় বিট পুলিশিং তৎপরতা বৃদ্ধি করা	সকল ইউনিট	সংখ্যা		
০৮	বিদেশী বিনিয়োগকারীদের বিনিয়োগ আকৃষ্ট করা	যৌথ সভার মাধ্যমে	সভা, সেমিনারের মাধ্যমে	সকল ইউনিট	সংখ্যা		

সংযোজনী-৩

অন্য মন্ত্রণালয়/ বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা	চাহিদা প্রত্যাশার যৌক্তিকতা	উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা	প্রত্যাশা পূরন না হলে সম্ভাব্য প্রভাব
বিজিএমইএ/বিকেএমইএ/বিটিএমএ	কল-কারখানা শ্রমিকদের বকেয়া বেতন ভাতা পরিশোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ	গৃহীত ব্যবস্থা সংখ্যা	আলোচনা সাপেক্ষে বেতন ভাতা পরিশোধের ব্যবস্থা গ্রহণ	অসন্তোষের ফলে শিল্পাঞ্চলের উৎপাদন ব্যাহত হয়।	৯০%	কারখানার কাজ বন্ধ থাকে ফলে উৎপাদন কমে যায়
কল-কারখানা প্রতিষ্ঠান ও পরিদর্শন অধিদপ্তর	কল-কারখানা সমূহ নিয়মিত পরিদর্শন করা	পরিদর্শনকৃত কারখানার সংখ্যা	কারখানা সমূহ নিয়মিত পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।	সঠিক সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করলে দূর্ঘটনার সম্ভাবনা থাকে।	৯০%	দূর্ঘটনা বাড়বে ফলে প্রাণহানির সম্ভাবনা বেড়ে যাবে
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	মেডিকেল কলেজ ও জেলা সিভিল সার্জন অফিস	মেডিকেল রিপোর্ট	যথাসময়ে মেডিকেল রিপোর্ট প্রদান	বিশেষজ্ঞ মতামত আদালতে উপস্থাপন	৯০%	প্রকৃত ঘটনা উদঘাটন না হলে অপরাধ প্রবণতা বৃদ্ধি পাবে।
আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	জেলা জজ কোর্ট ও সিজিএম কোর্ট	পিপি ও এপিপি কর্তৃক মামলা পরিচালনা	রাষ্ট্র পক্ষের মামলা পরিচালনা	রাষ্ট্রপক্ষের মামলা পরিচালনায় আইনী পরামর্শ	৯০%	মামলা পরিচালনায় বিঘ্ন ঘটবে, ফলে বিচার প্রার্থীরা ক্ষতিগ্রস্থ হবে।
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	মালিক/শ্রমিক/ বিনিয়োগকারীদের সমন্বয় করা	সমন্বয় ব্যবস্থা	প্রয়োজনীয় রিপোর্ট অনুযায়ী ব্যবস্থা গ্রহণ	সমন্বয়ের মাধ্যমে কর্মপরিবেশ তৈরী করা	৯০%	কর্মপরিবেশ বিঘ্নিত হবে, ফলে বিনিয়োগ ও উৎপাদন ব্যহত হবে।
বানিজ্য মন্ত্রণালয়	দেশী/বিদেশী বিনিয়োগ পরিবেশ নিশ্চিত করা	সমন্বয় সাধন	প্রয়োজনীয় রিপোর্ট অনুযায়ী ব্যবস্থা গ্রহণ	সমন্বয়ের মাধ্যমে কর্মপরিবেশ তৈরী করা	৯০%	বিনিয়োগকারীদের আস্থা নষ্ট হবে, ফলে বিনিয়োগ ব্যহত হবে।
পাট ও বস্ত্র মন্ত্রণালয়	দেশী/বিদেশী বিনিয়োগ পরিবেশ নিশ্চিত করা	সমন্বয় সাধন	প্রয়োজনীয় রিপোর্ট অনুযায়ী ব্যবস্থা গ্রহণ	সমন্বয়ের মাধ্যমে কর্মপরিবেশ তৈরী করা	৯০%	কর্মপরিবেশ বিঘ্নিত হবে ও বিনিয়োগকারীদের আস্থা নষ্ট হবে
শিল্প মন্ত্রণালয় Bangladesh Chemical Industries Corporation	দেশী/বিদেশী বিনিয়োগ পরিবেশ নিশ্চিত করা	সমন্বয় সাধন	প্রয়োজনীয় রিপোর্ট অনুযায়ী ব্যবস্থা গ্রহণ	সমন্বয়ের মাধ্যমে কর্মপরিবেশ তৈরী করা	৯০%	কর্মপরিবেশ বিঘ্নিত হবে ও বিনিয়োগকারীদের আস্থা নষ্ট হবে